



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/15/2022

গভর্নর ক্যাথি হোকল

**বাফেলোর টপস সুপারমার্কেটে গোলাগুলির ঘটনায় নিহত ভুক্তভোগীদের সম্মানে
পতাকা অর্ধনমিত রাখার জন্য গভর্নর হোকলের নির্দেশ**

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে বাফেলোর টপস সুপারমার্কেটে (Tops Supermarket) ভয়ঙ্কর গোলাগুলির ঘটনায় নিহত ভুক্তভোগীদের সম্মানে 16 মে তারিখে স্টেট ভবনগুলোতে পতাকা অর্ধনমিত রাখা হবে। 16 মে তারিখে সূর্যোদয়ের সময় পতাকা অর্ধনমিত করা হবে এবং ভুক্তভোগীদের সবার অন্ত্যেষ্টিক্রিয়া সম্পন্ন না হওয়া পর্যন্ত অর্ধনমিত অবস্থায় রাখা হবে।

"শ্বেতাঙ্গ আধিপত্যে বিশ্বাসী এই ব্যক্তির হাতে আমরা যে সহিংসতা সংঘটিত হতে দেখেছি এটি পীড়াদায়ক, অগ্রহণযোগ্য এবং এটি অবশ্যই এখানে থামতে হবে," **বলেছেন গভর্নর হোকল।** "আমাদের একজনের উপর আক্রমণ মানে আমাদের সবার উপর আক্রমণ, এবং আমাদের অবশ্যই শ্বেতাঙ্গ আধিপত্যে বিশ্বাসীদের সরাসরি মোকাবেলা করতে হবে। আমি বাফেলোতে আমাদের প্রতিবেশী, ভুক্তভোগী ও তাদের পরিবারের প্রতি সহমর্মিতা প্রকাশ করছি — তাদের উত্তরাধিকার বেঁচে থাকবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)